বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা ঢাকা-১০০০

বায়োমেট্রিক্স ভেরিফিকেশন সম্পর্কিত সাধারণ জিজ্ঞাসা

১। সিম/রিম নিবন্ধনে বায়োমেট্রিক্স ভেরিফিকেশন কি?

উত্তরঃ গ্রাহকের পরিচয়পত্র (জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/ড্রাইভিং-লাইসেন্স ইত্যাদি) গ্রহণের সাথে সাথে আঙ্গুলের ছাপ গ্রহণ করে গ্রাহক পরিচয় যাচাই এর মাধ্যমে সিম/রিম নিবন্ধন প্রক্রিয়া।

২। বায়োমেট্রিক্স ভেরিফিকেশন প্রয়োজন কেন?

উত্তরঃ ইদানিং সিমের অবৈধ/বে-আইনী ব্যবহার (চাঁদাদাবী, হুমকি প্রদান, ভয়ভীতি প্রদর্শন, উত্যক্তকরণ ইত্যাদি) শঙ্কাজনক হারে বৃদ্ধি পেয়েছে। অনিবন্ধিত বা আংশিক যাচাইকৃত সিম/রিম এর ক্ষেত্রে দুস্কৃতিকারীকে নিশ্চিতভাবে খুঁজে পাওয়া খুবই প্রায়শই দুরূহ।

বায়োমেট্রিক্স ভেরিফিকেশন এর মাধ্যমে নিবন্ধিত সিম/রিম-এর ক্ষেত্রে ব্যবহারকারীকে সনাক্তকরন নিশ্চিত রূপে করা যাবে যা সিম/রিম এর অবৈধ/বে-আইনী ব্যবহার রোধে কার্যকর ভূমিকা রাখতে পারে।

৩। এ প্রক্রিয়ায় সিম/রিম নিবন্ধন কবে থেকে চালু হবে?

উত্তরঃ ১৬ ডিসেম্বর, ২০১৫ হতে সকল গ্রাহককে বায়োমেট্রিক্স ভেরিফিকেশন সিস্টেম ব্যবহার করে রেজিস্ট্রেশনের মাধ্যমে নতুন সংযোগ ক্রয় করতে হবে।

৪। ভেরিফিকেশন কোথায় সম্পন্ন করব?

উত্তরঃ জাতীয় পরিচয়পত্রের মাধ্যমে- সংশ্লিষ্ট অপারেটরের কাস্টমার কেয়ার/রিটেইলার পর্যায়ে, জাতীয় পরিচয়পত্র না থাকলে পাসপোর্ট অথবা ড্রাইভিং লাইসেন্স অথবা জন্ম নিবন্ধন সনদের মাধ্যমে- শুধুমাত্র সংশ্লিষ্ট অপারেটরের কাস্টমার কেয়ারে।

৫। নতুন এ প্রক্রিয়ার ক্ষেত্রে জাতীয় পরিচয় পত্র বাধ্যতামূলক কি?

উত্তরঃ বায়োমেট্রিক্স ভেরিফিকেশন সিস্টেমের মাধ্যমে গ্রাহকদের সংযোগ রেজিষ্ট্রেশন/ভেরিফিকেশন/রি-এক্টিভেশন/রি-রেজিষ্ট্রেশন/রিপ্লেসমেন্ট/ডি-এক্টিভেশন ইত্যাদি ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র ব্যবহার করা অপরিহার্য। তবে যুক্তিগ্রাহ্য কারণে কোন গ্রাহক জাতীয় পরিচয়পত্র প্রাপ্ত না হয়ে থাকলে তাকে পাসপোর্ট/ড্রাইভিং লাইসেন্স/জন্ম নিবন্ধন সনদের বিপরীতে ০৬(ছয়) মাসের জন্য সাময়িকভাবে সংযোগ প্রদান করা যেতে পারে যা নির্ধারিত সময়ের পর ডি-এক্টিভেট হয়ে যাবে যদি গ্রাহক উক্ত সময়ের মধ্যে তার জাতীয় পরিচয়পত্র সংগ্রহ করে উপস্থাপনে ব্যর্থ হয়। তবে এক্ষেত্রে গ্রাহকের রেজিষ্ট্রেশন/ভেরিফিকেশন/রি-এক্টিভেশন/রি-রেজিষ্ট্রেশন/ রিপ্লেসমেন্ট/ডি-এক্টিভেশন ইত্যাদি বাধ্যতামুলকভাবে কেবলমাত্র অপারেটরের নিজস্ব বিক্রয় কেন্দ্র থেকে সম্পন্ন করতে হবে (রিটেইলার পর্যায়ে নয়)।

৬। জাতীয় পরিচয়পত্রের জন্য আবেদন করেছি কিন্তু এখনও হাতে পাইনি, সেক্ষেত্রে কি করব?

উত্তরঃ আবেদনের রশীদের সূত্রে উল্লেখিত ফর্ম নম্বরের সাহায্যে নির্বাচন কমিশনের ওয়েব সাইট (https://services.nidw.gov.bd/voter_center) হতে আপনার জাতীয় পরিচয় পত্রের নম্বরটি জেনে নিন অথবা আপনার মোবাইল অপারেটরের কাস্টমার কেয়ারের সাহায্য নিন ।

৭। প্রবাসী বাংলাদেশী ও বাংলাদেশে বসবাসকারী বিদেশী নাগরিকদের ক্ষেত্রে সিম/রিম নিবন্ধনের উপায় কি?

উত্তরঃ বর্তমান পদ্ধতির অনুরূপ প্রবাসী বাংলাদেশীদের ক্ষেত্রে পাসপোর্ট (জাতীয় পরিচয়পত্র না থাকলে) এবং বিদেশী নাগরিকদের ক্ষেত্রে তাদের পাসপোর্ট এবং বৈধভাবে কর্মরত বিদেশী নাগরিকদের ক্ষেত্রে বোর্ড অব ইনভেস্টমেন্ট কর্তৃক প্রদত্ত ওয়ার্ক পারমিট এর মাধ্যমে ভেরিফিকেশন করতে হবে। এক্ষেত্রে গ্রাহকের রেজিষ্ট্রেশন/ভেরিফিকেশন/রি-এক্টিভেশন/রি-রেজিষ্ট্রেশন/ রিপ্লেসমেন্ট/ডি-এক্টিভেশন ইত্যাদি বাধ্যতামুলকভাবে কেবলমাত্র অপারেটরের নিজস্ব বিক্রয় কেন্দ্র থেকে সম্পন্ন করতে হবে (রিটেইলার পর্যায়ে নয়)।

৮। অপ্রাপ্তবয়স্ক ব্যবহারকারীদের ক্ষেত্রে কিভাবে ভেরিফিকেশন করব?

উত্তরঃ অপ্রাপ্তবয়স্ক ব্যবহারকারীর ক্ষেত্রে ব্যবহারকারীর আইনি অভিভাবক (সাধারণ ক্ষেত্রে পিতা মাতা) এর জাতীয় পরিচয়পত্রের মাধ্যমে ভেরিফিকেশন সম্পন্ন করতে হবে। সেক্ষেত্রে উক্ত অভিভাবকই গ্রাহক হিসেবে নিবন্ধিত হবেন।

৯। বর্তমান পদ্ধতিতেও কি আমাকে ফটো দিতে হবে?

উত্তরঃ হ্যাঁ।

১০। আমার জাতীয় পরিচয়পত্র এর তথ্য বা আঙুলের ছাপ না মিললে কি করব?

উত্তরঃ নিকটস্থ নির্বাচন কমিশন/জাতীয় পরিচয়পত্র প্রদানকারী কর্তৃপক্ষের কার্যালয়ে যোগাযোগ করুন।

১১। ভেরিফিকেশনের ক্ষেত্রে সমস্যার সৃষ্টি হলে সমাধানকারী কর্তৃপক্ষ কে?

উত্তরঃ প্রাথমিকভাবে সংশ্লিষ্ট অপারেটর এবং পরবর্তীতে বিটিআরসি।

১২। পুরাতন গ্রাহকদেরও কি ভেরিফিকেশন করতে হবে?

উত্তরঃ হ্যাঁ।

১৩। পুরাতন গ্রাহকদের ভেরিফিকেশন কখন করতে হবে?

উত্তরঃ বায়োমেট্রিক্স ভেরিফিকেশন সিস্টেম এর মাধ্যমে ভেরিফিকেশনকৃত সংযোগ ব্যতীত অন্যান্য সংযোগ সমূহের ক্ষেত্রে ০১ জানুয়ারী, ২০১৬ হতে ৩০ এপ্রিল, ২০১৬ পর্যন্ত সময়কালের মধ্যে গ্রাহকদের ভেরিফিকেশন/রি-রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। এজন্য সংশ্লিষ্ট অপারেটরের কাস্টমার কেয়ার সেন্টার এ যোগাযোগ করুন।

১৪। নির্দিষ্ট তারিখের মধ্যে যদি ভেরিফিকেশন না করা হয় সেক্ষেত্রে কি হবে?

উত্তরঃ আপনার সংযোগটি পর্যায়ক্রমে বন্ধ করে দেয়া হবে।

১৫। অব্যবহৃত সিম/রিম চালু করতে চাইলেও কি ভেরিফিকেশন করতে হবে?

উত্তরঃ হ্যাঁ। যে সকল গ্রাহকের সংযোগ দীর্ঘদিন অব্যবহারের ফলে ডিএক্টিভেটেড অবস্থায় আছে সে সকল সংযোগ (নিষেধাজ্ঞা আরোপিত সংযোগ ব্যতীত) পুনরায় চালু করতে হলে ০১ জানুয়ারী, ২০১৬ হতে বায়োমেট্রিক্স ভেরিফিকেশন সিস্টেম ব্যবহার করতে হবে।

১৬। সিম/রিম হারিয়ে গেলে বা নষ্ট হয়ে গেলে পুনরায় সিম/রিম উত্তোলনের ক্ষেত্রে কি বায়োমেট্রিক্স ভেরিফিকেশন করতে হবে?

উত্তরঃ হ্যাঁ। আগামী ০১ জানুয়ারী, ২০১৬ হতে যে সকল গ্রাহক তাদের সংযোগ রিপ্লেসমেণ্ট করবে তাদের প্রচলিত নিয়মনীতি মেনে সংযোগ রিপ্লেসমেণ্ট এর পাশাপাশি বায়োমেট্রিক্স ভেরিফিকেশন সিস্টেম ব্যবহার করতে হবে।

১৭। আমার ব্যবহৃত সিম/রিম ডি-এক্টিভেশন বা বন্ধ করার ক্ষেত্রেও কি আমাকে ভেরিফাই করতে হবে?

উত্তরঃ হ্যাঁ, ০১ মে ২০১৬ হতে।

১৮। আমার ব্যবহৃত সিম/রিম আমার নামে রেজিস্ট্রেশন করা না থাকলে কি করব?

উত্তরঃ অপারেটরের প্রচলিত নিয়মানুসারে উপযুক্ত প্রমাণাদি উপস্থাপন সাপেক্ষে নিজের নামে রি-রেজিস্ট্রেশন করতে হবে।

১৯। অন্য কেউ যদি আমার ব্যবহৃত সিম/রিম বায়োমেট্রিক্স ভেরিফিকেশন সিস্টেমের মাধ্যমে রেজিস্ট্রেশন করে ফেলে সেক্ষেত্রে?

উত্তরঃ আপনার সংশ্লিষ্ট অপারেটরের কাস্টমার কেয়ার সেন্টারে যোগাযোগ করুন।

২০। এ সংক্রান্ত আরও বিস্তারিত সহায়তার জন্য কোথায় যোগাযোগ করব?

উত্তরঃ অপারেটরের নিজস্ব হেল্পলাইনে, নির্বাচন কমিশনের হেল্পলাইনে (১৬১০৩) অথবা বিটিআরসি হেল্পলাইনে (০১৫৫৫১২১১২১)।